

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৯৪

باب فِي الْعَفْوِ وَالْعَافِيَةِ

## আরবী

حَدَّثَنَا أَبُو هِشَامِ الرِّفَاعِيُّ، مُحَمَّدُ بْنُ يَزِيدَ الْكُوفِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ الْيَمَانِ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ زَيْدٍ الْعَمِّيِّ، عَنْ أَبِي إِيَاسٍ، مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ عَنْ أَنَسِ بْنِ مَالِك، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الدُّعَاءُ لاَ يُرَدُّ بَيْنَ الأَذَانِ وَالإِقَامَةِ ". قَالُوا فَمَاذَا نَقُولُ يَا رَسُولَ اللَّهِ قَالَ " سَلُوا اللَّهَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالآخِرَةِ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ زَادَ يَحْيَى بْنُ الْيَمَانِ فِي هَذَا الْحَدِيثِ هَذَا الْحَرْفَ قَالُوا فَمَاذَا نَقُولُ قَالَ " سَلُوا اللَّهَ الْعَافِيَة فِي هَذَا الْحَدِيثِ هَذَا الْحَرْفَ قَالُوا فَمَاذَا نَقُولُ قَالَ " سَلُوا اللَّهَ الْعَافِيَة فِي الدُّنْيَا وَالآخِرَةِ " .

## বাংলা

৩৫৯৪. আবৃ হিশাম রিফাঈ মুহাম্মাদ ইবন ইয়াযীদ কৃফী (রহঃ) ...... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আযান ও ইকামতের মধ্যবর্তী সময়ের দু'আ প্রত্যাখ্যাত হয় না। সাহাবীগণ বললেনঃ তখন আমরা কি দু'আ করব হে আল্লাহর রাসূল? তিনি বললেনঃ তোমরা আল্লাহর কাছে দুনিয়া ও আখিরাতের নিরাপত্তা প্রার্থনা করবে।

এই পরিপূর্ণ বর্ণনাটি মুনকার, আল কালিমুত তাইয়ির ৪৭/৫১, ইরওয়া ১/২৬২, নাকদুত তাজ ৯৫, তা'লীকুর রাগীব ১/১১৫, সহীহ আবু দাউদ ৫৩৪, তবে سَلُوا اللَّهَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالآخِرَةِ বর্ণনাটি অন্য হাদিসে সাব্যস্ত আছে।

এই হাদীসটি হাসান। এ হদীসটিতে ইয়াহইয়া ইবন ইয়ামান কিছু অতিরিক্ত বাক্য সংযোজন করেছেন। তাঁরা বললেনঃ এ সময় আমরা কি বলব! বললেনঃ তোমরা আল্লাহর কাছে দুনিয়া ও আখিরাতে নিরাপত্তা প্রার্থনা করবে।

## **English**



Anas bin Malik narrated that the Messenger of Allah (ﷺ) said: "The supplication is not rejected between the Adhan and the Iqamah." They said: "So what should we say, O Messenger of Allah (ﷺ)?" He said: "Ask Allah for Al-`Afiyah in the world and in the Hereafter."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন